# মুক্তিযুদ্ধ ও জুলাই শহীদদের রক্ত নিয়ে আর ব্যবসা নয়: ডাকসু ভিপি



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) ভাইস প্রেসিডেন্ট সাদিক কায়েম বলেছেন, “নতুন বাংলাদেশে মুক্তিযুদ্ধ ও জুলাই শহীদদের আত্মত্যাগকে পুঁজি করে আর কেউ ব্যবসা করতে পারবে না।”

শুক্রবার (৭ নভেম্বর) সকালে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির আয়োজিত ডাকসুর নির্বাচিত প্রতিনিধিদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

সাদিক কায়েম বলেন, “অন্তর্বর্তী সরকারের প্রথম দায়িত্ব ছিল—জুলাই শহীদদের আদর্শ ধারণ করে খুনি শেখ হাসিনা ও তার সহযোগীদের বিচারের আওতায় আনা। অথচ দেড় বছর পার হলেও এখনো একটি রায়ও ঘোষণা করা সম্ভব হয়নি। এটি জাতির প্রত্যাশার সঙ্গে বেমানান।”

তিনি আরও বলেন, “সংস্কার প্রস্তাবে ভেটো দিলে তার ফল ফ্যাসিস্টদের পরিণতির চেয়েও ভয়াবহ হবে। এখন সময় এসেছে রাজনৈতিক দলগুলোকে ঐকমত্যে পৌঁছে নতুন বাংলাদেশ গড়ার।”

ডাকসু ভিপি সকল রাজনৈতিক শক্তিকে দেশের সংস্কার ও পুনর্গঠনের প্রয়াসে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।